গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়
শিল্প মন্ত্রণালয়
শিল্প ভবন, এনেক্স বিল্ডিং
৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০।
www.boiler.gov.bd

নম্বরঃ ৩৬.১১.০০০০.০০১.১১.০০৭.১৮.৪৬০ তারিখঃ ২১/০৯/২০২০

# নিয়োগ বিজ্ঞপ্তি

শিল্প মন্ত্রণালয়ের অধীন প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ে রাজস্ব খাতভুক্ত নিয়োগযোগ্য শুন্য পদের বিপরীতে নিম্নোক্ত পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পাশে বর্ণিত শর্তে বাংলাদেশের সকল জেলার প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | বয়লার টেকনিশিয়ান | ০৬ (ছয়) টি (অস্থায়ী) | (৯,৩০০/- ২২,৪৯০/) গ্রেড-১৬ | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের সার্টিফিকেটসহ সরকার অনুমোদিত কোন ভকেশনাল ট্রেনিং ইন্সটিটিউট হইতে মেকানিকেল বা পাওয়ার ট্রেড কোর্স সম্পন্ন করা সার্টিফিকেটধারী হইতে হইবে। |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ**

১. আবেদনকারীর বয়স **২৫/০৩/২০২০** তারিখে ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। এসএসসি সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
২. কেবলমাত্র উপযুক্ত এবং ত্রুটিমুক্ত আবেদনকারীদেরকে লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
৩. পরীক্ষা, ব্যবহারিক/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৪. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুয়া বা ভুল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সকল সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে।
৫. সর্বশেষ সরকারি আদেশ মোতাবেক সকল প্রকার কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
৬. জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করপোরেশন প্রদত্ত সনদ দাখিল করতে হবে।
৭. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের মেয়াদ দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।
৮. কোন ধরনের তদবির কিংবা সুপারিশ, প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।
৯. নিয়োগ নীতিমালা অনুযায়ী বাছাইকৃত প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হবে।
১০. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে।
১১. প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় এর ওয়েবসাইট (www.boiler.gov.bd ) এ বিজ্ঞপ্তি দেখা যাবে।
১২. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১৩. বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের (স্থায়ী/অস্থায়ী) সংখ্যা কর্তৃপক্ষ হ্রাস/বৃদ্ধি করতে পারবে।
১৪. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://boiler.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান **শুরুর তারিখ ও সময়ঃ ০১/১০/২০২০ খ্রিঃ, সকাল- ১০:০০ টা।**
ii. Online-এ আবেদনপত্র জমাদানের **শেষ তারিখ ও সময়: ৩০/১০/২০২০ খ্রিঃ, বিকাল- ০৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিসচার্জ ১২.০০ টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, " Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: BOILER<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: BOILER ABCDEF

Reply: Applicant's Name, Tk- (application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BOILER<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BOILER<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: BOILER YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BOILER Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://boiler.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ঝ. i. User ID জানা থাকলে BOILER<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: BOILER Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: BOILER<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: BOILER Help PIN 12345678 & send to 16222.

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(Mail এর subject এ Organization Name: "BOILER", Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)



(মোঃ শরাফত আলী)
উপ-প্রধান বয়লার পরিদর্শক
ও
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি।